রাকাব-এর প্রতিশ্রুতি, শূন্যের কোঠায় দুর্নীতি।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

ফোনঃ ০২৪৭-৮৬০৫৩২
০২৪৭-৮৬০৫১৬, ৮৬০৫২১
ই-মেইলঃ dgmcad1@rakub.org.bd
ওয়েবসাইটঃ www.rakub.org.bd

প্রকা/কেহিবি-১/পরিপত্র নং-০৪/২০১৯ তারিখ : ০২-০৭-২০১৯।

বিষয় : ২০১৯-২০২০ অর্থবছরের মুনাফার লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসংগে।

একটি ব্যাংকিং প্রতিষ্ঠানকে সুসংহত আর্থিক ভিত্তির উপর দাঁড়িয়ে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করার জন্য প্রতিষ্ঠানটির মুনাফা অর্জন অপরিহার্য। বর্তমান প্রতিযোগিতামূলক ব্যাংকিং সেক্টরে একটি শক্তিশালী ব্যাংক হিসেবে অবস্থান সুসংহত করতে হলে শুধুমাত্র মুনাফা বৃদ্ধির মাধ্যমেই পুঞ্জিভূত লোকসানকে ক্রমান্বয়ে হ্রাস করে লাভজনক প্রতিষ্ঠানে উন্নীত করা সম্ভব। গত ২০১৮-২০১৯ অর্থবছরের ৩০-০৬-২০১৯ তারিখ ভিত্তিক বার্ষিক সমাপনীতে ব্যাংকের এলপিও ও ঢাকা কর্পোরেট শাখাসহ সকল জোন মিলে সর্বমোট ৪২.৪৫ কোটি টাকা পরিচালন মুনাফা অর্জিত হওয়ায় ব্যাংক ব্যবস্থাপনার পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানানো হয়েছে। সার্বিক বিষয়াদি পর্যালোচনা করে চলতি ২০১৯-২০২০ অর্থবছরে ব্যাংকের শাখাসমূহের জন্য ৬০.০০ (ষাট) কোটি টাকা মুনাফার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সে লক্ষ্যে জোনওয়ারী (এলপিও ও ঢাকা কর্পোরেট শাখাসহ) মুনাফার লক্ষ্যমাত্রা অপর পৃষ্ঠায় মুদ্রণ করা হলো। জোনাল ব্যবস্থাপকগণ তাঁদের জোনের আওতাধীন শাখাসমূহের মধ্যে মুনাফার বাস্তব ভিত্তিক লক্ষ্যমাত্রা বন্টন করে তা অর্জনের জন্য যথাযথ পদক্ষেপ ও কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন।

ব্যাংকের আয়ের সিংহভাগই ঋণের সুদ আয় খাত হতে আসে। কিন্তু শ্রেণীবিন্যাসিত ঋণের আধিক্য ও শ্রেণীকৃত ঋণ আদায় না হওয়া, বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে অশ্রেণীকৃত ঋণের পরিমাণ কাংঙ্খিত পর্যায়ে উন্নীত না হওয়া ইত্যাদি কারণে ব্যাংকের সুদ আয় কাংঙ্খিত পরিমাণ অর্জিত হচ্ছে না। কাজেই প্রত্যেক শাখা ব্যবস্থাপক তাঁদের শাখার চলতি ২০১৯-২০২০ অর্থবছরের আয়-ব্যয়ের খাত ভিত্তিক একটি কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক শাখার দুর্বলতা ও সম্ভাবনার ক্ষেত্রসমূহ সনাক্ত করতঃ বছরের শুরু থেকেই কার্যকর পদক্ষেপ গ্রহণ করলে কাঙ্খিত লক্ষ্যে পৌঁছানো সহজ হবে।

ব্যাংক ব্যবস্থাপনা আশা করে যে, জোনসমূহ (এলপিও ও ঢাকা কর্পোরেট শাখাসহ) নতুন করে ঋণ শ্রেণীকরণ হওয়া রোধ, কম সুদবাহী আমানত সংগ্রহ, মন্দ ও অবলোপনকৃত ঋণ আদায় জোরদার এবং বিনিয়োগের মাধ্যমে আয় বৃদ্ধি করে উক্ত লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হবে।

অনুমোদনক্রমে

০২/৭/১৯

(মোঃ নুরুল ইসলাম)
মহাব্যবস্থাপক

সংযুক্তি : পৃষ্ঠালিপি অনুযায়ী।

প্রকা/কেহিবি-১/২৬/২০১৯-২০২০/ তারিখ : ০২-০৭-২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২। ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৫। মহাব্যবস্থাপক মহোদয়ের ষ্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৬। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
৮। উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী/রংপুর।
৯। উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১০। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১১। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
১২। উপ-প্রকল্প পরিচালক, এসইসিপি, বগুড়া।
১৩। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকগণের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৫। অফিস নথি/মহানথি।

(মোঃ আবুল ফজল)
উপ-মহাব্যবস্থাপক

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

২০১৯-২০২০ অর্থবছরে জোন ভিত্তিক মুনাফার লক্ষ্যমাত্রা :

(কোটি টাকায়)

ক্র: নং	জোনের নাম	২০১৭-২০১৮ অর্থবছরের		২০১৮-২০১৯ অর্থবছরের		২০১৯-২০২০ অর্থবছরের জন্য মুনাফার লক্ষ্যমাত্রা
		মুনাফার লক্ষ্যমাত্রা	অর্জন	মুনাফার লক্ষ্যমাত্রা	পরিচালন মুনাফা (প্রভিশনাল)	
০১।	রাজশাহী	৪.০০	৫.৫১	৭.০০	৫.০১	৬.০০
০২।	নওগাঁ	৪.০০	৫.৬৪	৮.০০	৪.১৩	৫.০০
০৩।	নাটোর	০.৫০	১.০৮	২.৫০	১.৫৯	২.৫০
০৪।	চাঁপাইনবাবগঞ্জ	১.২৫	২.৩০	৩.৫০	২.৫১	৩.৪০
০৫।	বগুড়া (উঃ)	০.৫০	১.১৫	২.৫০	১.৬৫	২.৫০
০৬।	বগুড়া (দঃ)	১.০০	০.৯৮	২.০০	১.১২	২.০০
০৭।	জয়পুরহাট	৩.৫০	৩.৪৩	৫.৫০	৩.৫৬	৪.৫০
০৮।	পাবনা	২.২০	৩.৩৯	৫.০০	৩.১১	৪.০০
০৯।	সিরাজগঞ্জ	০.৫০	১.৬৯	৩.০০	১.৭৩	২.৬০
রাজশাহী বিভাগ		**১৭.৪৫**	**২৫.১৭**	**৩৯.০০**	**২৪.৪১**	**৩২.৫০**
১০।	রংপুর	২.০০	০.৫৮	২.০০	১.৭৪	২.৬০
১১।	গাইবান্ধা	০.১০	০.১৮	১.০০	০.৫৮	১.৪০
১২।	কুড়িগ্রাম	০.১৫	০.৬৬	২.০০	০.৬১	১.৪০
১৩।	নীলফামারী	০.৫০	-০.৬১	১.০০	১.৬৫	২.৫০
১৪।	লালমনিরহাট	০.৫০	০.৭৭	২.০০	০.৫৪	১.৩০
১৫।	দিনাজপুর (উঃ)	১.৫০	১.৭০	৩.০০	২.০১	২.৯০
১৬।	দিনাজপুর (দঃ)	০.২০	০.৭০	২.০০	০.৮৭	১.৭০
১৭।	ঠাকুরগাঁও	১.০০	১.৩৬	৩.০০	১.৬০	২.৫০
১৮।	পঞ্চগড়	০.১০	০.৪০	২.০০	০.৯২	১.৭০
রংপুর বিভাগ		**৬.০৫**	**৫.৭৪**	**১৮.০০**	**১০.৫২**	**১৮.০০**
১৯।	এলপিও	৩.৫০	৪.২৩	৬.০০	৫.১৩	৬.০০
২০।	ঢাকা কর্পোরেট শাখা	৬.০০	৫.৪১	৭.০০	২.৩৯	৩.৫০
	সর্বমোট :	**৩৩.০০**	**৪০.৫৫**	**৭০.০০**	**৪২.৪৫**	**৬০.০০**

০২/৭/২০
(নাহিদ আফসান)
ঊর্ধতন মুখ্য কর্মকর্তা

০২/০৭/২০২০
(মোঃ মজনূর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

২/৭/২০
(মোঃ আবুল ফজল)
উপ-মহাব্যবস্থাপক